

## ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের উন্নয়ন প্রকল্প/কর্মসূচির বিস্তারিত বিবরণ:

### ১ম পর্যায়:

(ক) প্রকল্পের শিরোনাম: “ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের হোস্টেল ভবন নির্মাণ” প্রকল্প।

(খ) পটভূমি: ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের নিজস্ব ভবন স্থাপনের নিমিত্ত জুলাই, ২০১০ হতে ডিসেম্বর, ২০১২ মেয়াদে ১২ তলা ভিত্তি বিশিষ্ট ৫তলা ভবন নির্মাণ সম্পন্ন করা হয়েছে। ২০১৩ সালের জানুয়ারি হতে ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র এ ভবনে কার্যক্রম শুরু করেছে।

গ) প্রকল্পের মোট অনুমোদিত ব্যয় (লক্ষ টাকায়) : ১০১৭.২১ লক্ষ

ঘ) এক নজরে প্রকল্পের অধীনে কার্যক্রম:

১) ৩২ আসন বিশিষ্ট ডরমিটরী স্থাপন করা হয়েছে।

২) ৩৬ টি কম্পিউটার বিশিষ্ট ১টি আধুনিক কম্পিউটার ল্যাব, ১ টি সম্মেলন কক্ষ, ১টি প্রশিক্ষণ কক্ষ এবং দাপ্তরিক কক্ষ স্থাপন করা হয়েছে।

৩) ১০০ আসন বিশিষ্ট ১টি বৃহৎ ডাইনিং কক্ষ স্থাপন করা হয়েছে।

৪) ২টি লিফট ৫ম তলা পর্যন্ত স্থাপন এবং ৪০০ কেবিএ বৈদ্যুতিক সাব-স্টেশন স্থাপন করা হয়েছে।

(ঙ) মোট প্রকৃত ব্যয় (লক্ষ টাকায়) : ৯৬৮.৪৮ লক্ষ টাকা এবং প্রকল্পের মোট ভৌত অর্জন ১০০%।

### ২য় পর্যায়:

ক) প্রকল্পের শিরোনাম: “ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের ৬ষ্ঠ হতে ১২ তলা পর্যন্ত উর্ধ্বমুখী সম্প্রসারণ নির্মাণ প্রকল্প”।

খ) পটভূমি: ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের ৬ষ্ঠ হতে ১২ তলা পর্যন্ত উর্ধ্বমুখী সম্প্রসারণ নির্মাণ প্রকল্পটি বাস্তবায়িত হয় জুলাই ২০১৬ হতে জুন ২০১৯ পর্যন্ত। বর্ণিত প্রকল্পের মূল লক্ষ্য ও উদ্দেশ্য ছিল ভূমি বিষয়ক প্রশিক্ষণে আগত কর্মকর্তা/কর্মচারীদের আবাসিক ও প্রশিক্ষণ সুযোগ সুবিধা বৃদ্ধি করা।

(গ) প্রকল্পের মোট অনুমোদিত ব্যয় : ১৪২৮.৪০ লক্ষ টাকা।

ঘ) এক নজরে প্রকল্পের অধীনে কার্যক্রম :

১) ৬ষ্ঠ হতে ১২ তলা পর্যন্ত ৭ টি ফ্লোর নির্মাণ করা হয়েছে।

২) ৩৭ টি নতুন ডরমিটরি কক্ষ ও ১ টি বৃহত্তর কম্পিউটার ল্যাব নির্মাণ করা হয়েছে।

৩) ২টি নতুন প্রশিক্ষণ কক্ষ, ১টি বৃহৎ লাইব্রেরী, ১টি কর্মশালা ও সেমিনার কক্ষ, ব্যায়ামাগার, ইনডোর গেইমস কক্ষ, ১টি টিভি কক্ষ, ১টি প্রাথমিক স্বাস্থ্য সেবা কক্ষ ও নামাজ কক্ষ স্থাপন করা হয়েছে।

৪) ২ টি লিফট ১২ তলা পর্যন্ত সম্প্রসারণ ও ৮০০ কেবিএ বৈদ্যুতিক সাব-স্টেশন পুনঃস্থাপন করা হয়েছে।

৫) নতুন অবকাঠামোর জন্য প্রয়োজনীয় আসবাবপত্র বিএফআইডিসি হতে ক্রয় করা হয়েছে।

৬) ভবনের নীচ তলা থেকে ৫ম তলা পর্যন্ত বিভিন্ন কক্ষ সংস্কার করা হয়েছে।

(ঙ) প্রকল্পের মোট প্রকৃত ব্যয় (লক্ষ টাকায়): ১২৮৯.০০ লক্ষ টাকা এবং প্রকল্পের মোট ভৌত অর্জন ১০০%।

## চিত্র সমূহ :



ছবি : ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের ৬ষ্ঠ তলা হতে ১২তম তলা পর্যন্ত উদ্ধমুখী সম্প্রসারিত অংশের নামফলক উদ্বোধন করেন মাননীয় ভূমিমন্ত্রী জনাব সাইফুজ্জামান চৌধুরী, এমপি (তারিখ : ১১ মার্চ, ২০২০ খ্রি:)



ছবি : ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের ৬ষ্ঠ তলা হতে ১২তম তলা পর্যন্ত উদ্ধমুখী সম্প্রসারিত অংশের শুভ উদ্বোধন ঘোষণা করেন মাননীয় ভূমিমন্ত্রী জনাব সাইফুজ্জামান চৌধুরী, এমপি। (তারিখ : ১১ মার্চ, ২০২০ খ্রি:)



ছবিঃ ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র ভবন (১২তলা বিশিষ্ট)



ছবিঃ সম্মেলন কক্ষ



ছবিঃ ডরমিটরী ফ্লোর ও ডরমিটরী কক্ষ



ছবি : কম্পিউটার ল্যাব



ছবি : ব্যায়ামাগার





ছবি : ইনডোর গেমস কক্ষ



লাইব্রেরীতে অধ্যয়নরত প্রশিক্ষণার্থীগণ